

পড়ব বই, গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, সিরাজগঞ্জ।



জেলা সরকারি গণগ্রন্থাগার সিরাজগঞ্জ-এর ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ

১. গ্রন্থাগার ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণঃ গণগ্রন্থাগারের একতলা ভবনটি চারতলায় সম্প্রসারণ করা।
২. অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নঃ গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম এবং সংশ্লিষ্ট কাজ বাস্তবায়ন শীর্ষক প্রকল্পের মাধ্যমে জেলা সরকারি গণগ্রন্থাগার সিরাজগঞ্জ অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তণ।
৩. উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপনঃ 'উপজেলা সংস্কৃতি কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় উপজেলা সরকারি গণগ্রন্থাগার স্থাপন।
৪. সকল উপজেলায় ভ্রাম্যমান লাইব্রেরি চালুকরণঃ গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রস্তাবিত ভ্রাম্যমান লাইব্রেরি ' ' শীর্ষক প্রকল্পের মাধ্যমে সিরাজগঞ্জ জেলার সকল উপজেলায় ভ্রাম্যমান লাইব্রেরি সেবা চালু করা।
৫. আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে গ্রন্থাগার সেবা প্রদানঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দিতে আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা।
৬. সর্বস্তরের জনগণকে বইপাঠে আগ্রহী করাঃ জেলার সর্বস্তরের জনগণকে বইপাঠে আগ্রহী করার মাধ্যমে সুশিক্ষিত, দায়িত্বশীল, সচেতন ও সুনামগরিক হিসেবে গড়ে তোলা।
৭. সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনঃ মানুষের মানবিক মূল্যবোধ জাগ্রতকরণ, চিন্তার স্বাধীনতা, বিবেকের স্বচ্ছতা, জ্ঞানের ব্যাপকতা, দেশপ্রেম, নীতি-নৈতিকতা, উন্নত চরিত্র গঠন সর্বপরি একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলা এবং একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কাজ করা।